# করোনাভাইরাস রোগ ২০১৯ (কোভিড-১৯) এর ক্ষেত্রে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) এর যুক্তিসংগত ব্যবহার

বিশ্ব স্বাস্থ্য সংস্থার অন্তর্বর্তীকালীন নির্দেশাবলীর মূল ক্ষেত্রসমূহ

এই নির্দেশিকাটিতে স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের পাশাপাশি কমিউনিটি পর্যায় ও মালামাল হস্তান্তরের ক্ষেত্রে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের যুক্তিসংগত ব্যবহার সম্পর্কিত নির্দেশনা রয়েছে।

**কোভিড-১৯ রোগের প্রতিরোধমূলক ব্যবস্থাসমূহ**

কমিউনিটি পর্যায়ে সবচেয়ে কার্যকরী প্রতিরোধমূলক ব্যবস্থাসমূহ হলঃ

- নিয়মিত সাবান ও পানি দিয়ে দুই হাত ধোয়া। এক্ষেত্রে এলকোহলযুক্ত হ্যান্ড রাব ব্যবহার করা যেতে পারে।
- চোখ, নাক ও মুখ স্পর্শ করা থেকে থেকে বিরত থাকতে হবে।
- সর্দি-কাশির সময় টিস্যু পেপার ব্যবহার করতে হবে এবং ব্যবহৃত টিস্যু অনতিবিলম্বে নির্দিষ্ট স্থানে ফেলতে হবে।
- টিস্যু পেপার না থাকলে হাচী-কাশি দেয়ার সময় কনুই এর ভাঁজে নাক ও মুখ ঢেকে নিতে হবে।
- কেবলমাত্র সর্দি-কাশি থাকলে মেডিকেল মাস্ক ব্যবহার করতে হবে এবং মাস্ক খুলে নির্দিষ্ট স্থানে অপসারণের পর সাবান ও পানি দিয়ে দুই হাত ধুয়ে নিতে হবে।
- সর্দি-কাশি তে আক্রান্ত ব্যক্তি থেকে অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখতে হবে।

পিপিই যথাযথভাবে ব্যবহার করে নিজেকে সুরক্ষিত রাখার জন্য স্বাস্থ্যসেবা কর্মীদের অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। কোভিড-১৯ হল একটি শ্বাসতন্ত্রের রোগ যা ইবোলা ভাইরাস থেকে আলাদা, যা সংক্রামিত দেহের তরল দ্বারা সংক্রামিত হয়। সংক্রমণের ক্ষেত্রে এই পার্থক্যের কারণে কোভিড-১৯ এ পিপিই ব্যবহারের প্রয়োজনীয়তা ইবোলা ভাইরাস রোগের থেকে আলাদা।

**বিশ্ব-ব্যাপী পিপিই এর সরবরাহ ব্যবস্থার অপ্রতুলতা**

বিশ্ব-ব্যাপী পিপিই-এর বর্তমান মজুদ, বিশেষ করে মেডিকেল মাস্ক ও রেস্পাইরেটর এর মজুদ এ ঘাটতি রয়েছে। গাউন এবং গগলসের সরবরাহ ও শীঘ্রই অপর্যাপ্ত হয়ে যাবে বলে আশংকা করা হচ্ছে। বিশ্ব-ব্যাপী চাহিদা বৃদ্ধির কারণ কেবলমাত্র কোভিড-১৯ রোগীর সংখ্যা বৃদ্ধির জন্যে নয়, ভুল তথ্য, ভীতি সঞ্চার এবং মজুদ এর ফলে বিশ্বব্যাপী পিপিইর আরও ঘাটতি দেখা দেবে। পিপিই এর উৎপাদন সম্প্রসারণের ক্ষমতা সীমাবদ্ধ এবং বিশেষত পিপিই এর ব্যাপক ও যথেচ্ছ ব্যবহার অব্যাহত থাকলে মাস্ক ও রেস্পাইরেটর এর বর্তমান চাহিদা পূরণ করা সম্ভব হবে না।

## পিপিই এর প্রাপ্যতা সহজীকরণের জন্য সুপারিশমালা

১. পিপিই এর প্রয়োজনীয়তা হ্রাস করুন:

- সন্দেহজনক কোভিড-১৯ রোগী মূল্যায়নের জন্য টেলিমেডিসিন ব্যবহার বিবেচনা করুন।
- কোভিড-১৯ ভাইরাসের সংস্পর্শ কমাতে ট্রায়েজ, রেজিস্ট্রেশন এবং ফার্মাসি তে ভৌত বাধা (যেমন- কাঁচ বা প্লাস্টিকের জানালা) ব্যবহার করুন।
- সরাসরি পরিচর্যাতে জড়িত না হলে স্বাস্থ্যসেবা কর্মীদের কোভিড-১৯ আক্রান্ত রোগীদের ঘরে প্রবেশ নিষিদ্ধ করুন।
- কোভিড-১৯ রোগীর শয্যা স্থানে প্রবেশ সীমিত করার জন্য কর্ম-পরিকল্পনা তৈরী করুন।

**২. পিপিই এর যুক্তিসঙ্গত এবং উপযুক্ত ব্যবহার নিশ্চিত করুন:**

- কোভিড-১৯ রোগীদের যত্ন নেওয়ার সময় যে ধরণের পিপিই ব্যবহৃত হয় সেগুলি হাসপাতাল এর ধরণ এবং কর্মীদের কর্মপদ্ধতি অনুসারে পৃথক হবে (সারণী ১)।
- এরোসল উৎতপাদনের বিভিন্ন ক্ষেত্রে (যেমন- ট্রাকিয়াল ইনটিউবেশন, নন-ইনভেসিভ ভেন্টিলেশন, ট্রাকিওস্টোমি, কার্ডিওপালমোনারি রিসাসিটেশান, ইনটিউবেশন এর আগে ম্যানুয়াল পদ্ধতিতে বায়ুচলাচল, ব্রঙ্কোস্কোপি) স্বাস্থ্যসেবা কর্মীদের রেস্পিরেটর, চোখের সুরক্ষাকারী গগলস, গ্লোভস এবং গাউন ব্যবহার করা উচিত। গাউন তরল প্রতিরোধী না হলে এপ্রোন ব্যবহার করতে হবে।

**৩. পিপিই এর সরবরাহ- চেইন সমন্বয় করুনঃ**

- অনুরোধকৃত সরবরাহের যৌক্তিকতা নিশ্চিত করার জন্য যুক্তিযুক্ত পরিমাপ মডেল-ভিত্তিক পিপিই পূর্বাভাস ব্যবহার করুন।
- মজুদের দ্বিরুক্তি এড়ানোর জন্য একটি কেন্দ্রীয় অনুরোধ পরিচালনা পদ্ধতি অনুসরণ করুন।
- শুরু থেকে শেষ বিতরণ পর্যন্ত পিপিই পর্যবেক্ষণ পদ্ধতি অনুসরণ করুন।

## ক্ষতিগ্রস্থ দেশগুলি থেকে পণ্যসম্পদ হস্তান্তর/ পরিচালনা করা:

আজ অবধি, কোভিড-১৯ প্রাদুর্ভাব দ্বারা আক্রান্ত দেশগুলি থেকে প্রেরিত পণ্য থেকে যোগাযোগকৃত মানুষের মধ্যে কেউ কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়েছেন এমন কোন রোগতত্ত্ব সম্পর্কিত তথ্য পাওয়া যায় নি।

সারণী ১. কোভিড-১৯ রোগের ক্ষেত্রে হাসপাতাল, স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং কর্মপদ্ধতির ধরণ অনুযায়ী ব্যবহারের জন্য সুপারিশকৃত পিপিই

| উদ্দিষ্ট ব্যক্তি | ব্যবহারের ক্ষেত্র | পিপিই (PPE) |
|---|---|---|
| স্বাস্থ্য সেবা প্রদানকারী/ স্বাস্থ্যকর্মী | বহিঃবিভাগ/অন্তঃবিভাগ/প্রয়ামর্শ/কেন্দ্র/ এম্বুলেন্স/রোগীবহনকারী গাড়ী তে কোভিড-১৯ আক্রান্ত রোগী কে সরাসরি সেবাদানের সাথে সম্পৃক্ত ব্যক্তি | • মেডিকেল মাস্ক<br>• গাউন<br>• গ্লোভস<br>• চোখ-সুরক্ষাকারী পিপিই (যেমন- গগলস অথবা ফেস শিল্ড) |
| | কোভিড-১৯ রোগীর সাথে এরোসল উৎপন্ন হয় এমন প্রক্রিয়ায় নিযুক্ত ব্যক্তি | • মেডিকেল মাস্ক<br>• গাউন<br>• গ্লোভস<br>• চোখ-সুরক্ষাকারী পিপিই<br>• এপ্রোন |
| | সরাসরি সংস্পর্শে আসেন নি এমন ব্যক্তি | • কোভিড-১৯ আক্রান্ত রোগী থেকে অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখুন।<br>• কোন পিপিই ব্যবহারের প্রয়োজন নেই |
| ক্লিনার | অন্তঃবিভাগ, বহিঃবিভাগ এবং এন্ট্রি পয়েন্ট | • মেডিকেল মাস্ক<br>• গাউন<br>• গ্লোভস<br>• চোখ-সুরক্ষাকারী পিপিই (জৈবিক অথবা রাসায়নিক বস্তু ছিটকে পড়ার আশঙ্কা থাকলে)<br>• বুট অথবা বন্ধ জুতা |

DRAFT

| | | |
|---|---|---|
| দর্শনার্থী | কোভিড-১৯ সংক্রমিত রোগীর কক্ষে প্রবেশের সময় | • মেডিকেল মাস্ক<br>• গাউন<br>• গ্লোভস |
| শ্বাসতন্ত্রের লক্ষণ সহ রোগী | যেকোন | • অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখুন<br>• রোগীর সহ্যক্ষমতা অনুযায়ী মেডিকেল মাস্ক ব্যবহার করবে |
| শ্বাসতন্ত্রের লক্ষণ ছাড়া রোগী | যেকোন | • কোন পিপিই প্রয়োজন নেই |
| ল্যাব টেকনিশিয়ান | শ্বাসতন্ত্রের নমুনা নিয়ে কাজ করার ক্ষেত্রে | • মেডিকেল মাস্ক<br>• গাউন<br>• গ্লোভস<br>• চোখ-সুরক্ষাকারী পিপিই (জৈবিক অথবা রাসায়নিক বস্তু ছিটকে পড়ার আশঙ্কা থাকলে) |
| সেবাদানকারী | বাড়ীতে কোভিড-১৯ রোগীকে সরাসরি সেবাদান অথবা রোগীর মলমূত্র অথবা বর্জ অপসারনের সময় | • মেডিকেল মাস্ক<br>• গ্লোভস<br>• এপ্রোন (জৈবি বস্তু ছিটকে পড়ার আশঙ্কা থাকলে) |
| ড্রাইভার | কোভিড-১৯ রোগীকে গাডীতে ওঠানো নামানো করার সময় | • মেডিকেল মাস্ক<br>• গাউন<br>• গ্লোভস |

| | | |
|---|---|---|
| | | • চোখ-সুরক্ষাকারী পিপিই |
| | কোভিড-১৯ রোগীর সাথে সরাসরি সংস্পর্শে না আসলে কিন্তু গাড়ীর ভেতরে কোন দেয়াল দিয়ে পৃথককৃত অংশ না থাকলে | • মেডিকেল মাস্ক |
| র‍্যাপিড রেসপন্স টিম | সন্দেহজনক অথবা নিশ্চিত কোভিড-১৯ রোগীর অথবা রোগীর সংস্পর্শে আসা ব্যক্তির সাক্ষাৎকার নেয়ার সময় | • দূর থেকে সাক্ষাৎকার নেয়া হলে কোন পিপিই প্রয়োজন নেই (যেমন; টেলিফোন অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে) |
| | সরাসরি সন্দেহজনক অথবা নিশ্চিত কোভিড-১৯ রোগীর অথবা রোগীর সংস্পর্শে আসা ব্যক্তির সাক্ষাৎকার নেয়ার সময় (সংস্পর্শে না এসে) | • মেডিকেল মাস্ক<br>• অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখুন |
| | সরাসরি লক্ষণ ছাড়া কোভিড-১৯ রোগীর সাক্ষাৎকার নেয়ার সময় | • অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখুন<br>• কোন পিপিই প্রয়োজন নেই |
| অন্যান্য কর্মী | সরাসরি সংস্পর্শে না থাকলে | • অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখুন<br>• কোন পিপিই প্রয়োজন নেই |